গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৪.১৭-১৪২৩ তারিখঃ ০৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর কার্যালয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন এবং জনবল সরবরাহের চুক্তির মেয়াদ বৃদ্ধি

সূত্রঃ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর কার্যালয়ের স্মারক নং-জেনাঃহাসঃ/চাঁদ/২০১৮/১০২০, তারিখঃ ২৫/০৯/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর কার্যালয়ে বিভিন্ন ক্যাটাগরির নিম্নোক্ত ৫৪(চুয়ান্ন)টি পদে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং সংক্রান্ত নীতিমালা ও সর্বশেষ বিধিবিধান যথাযথভাবে অনুসরণের শর্তে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
১	জমাদার/সরদার	০১
২	এমএলএসএস (অফিস সহায়ক)	০৭
৩	ওয়ার্ড বয়	১১
৪	আয়া	১০
৫	দারোয়ান(নিরাপত্তা প্রহরী)	০৯
৬	কুক/মশালচী(বাবুর্চি/সহকারী বাবুর্চি)	০১
৭	মালী	০১
৮	পরিচ্ছন্নতা কর্মী	১৪
		সর্বমোট ৫৪(চুয়ান্ন)টি

শর্তাবলীঃ

(ক) আউট সোর্সিং (Out Sourcing)' এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা-২০০৮" এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধানসহ অর্থ বিভাগের ২৭.০১.২০১৬খ্রিঃ তারিখের ০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
(খ) 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা-২০১৮' এর বহির্ভূত কোন পদে জনবল নিয়োগ করা যাবে না;
(গ) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
(ঘ) পদ সৃজনের আদেশে কোন পদ অন্তর্ভুক্ত না থাকলে উক্ত পদে জনবল নিয়োগ করা যাবে না;
(ঙ) প্রতি অর্থ বছরে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।

২। মেসার্স গাজী মেডিকেল হল, অনন্যা সুপার মার্কেট, মিশন রোড, চাঁদপুর এর সঙ্গে উক্ত ৫৪(চুয়ান্ন)টি পদে জনবল সরবরাহের কার্যাদেশের মেয়াদ ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য বৃদ্ধির ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর ২০০৮ এর নির্দেশনা এবং বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

(এ. জেড. এম. শারজিল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

তত্ত্বাবধায়ক
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল
চাঁদপুর

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়